

যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর

বাণিজ্য মন্ত্রণালয়

ঢাকা।



শোক বার্তা

বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব জনাব মাহবুবুর রহমান গত শুক্রবার (১৭ এপ্রিল) ভোর ৬টা ২৫ মিনিটে রাজধানীর স্কয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫৮ বছর।

জনাব মাহবুবুর রহমান ছিলেন বিসিএস ১৩তম ব্যাচের একজন দক্ষ, সৎ ও নিষ্ঠাবান কর্মকর্তা। তাঁর পেশাদারিত্ব, দায়িত্ববোধ ও সততা বাণিজ্য মন্ত্রণালয়ের কার্যক্রমে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। তাঁর অকাল মৃত্যুতে দেশ একজন অভিজ্ঞ প্রশাসককে হারালো, যা অপূরণীয়। বাণিজ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির মরহমের অকাল মৃত্যুতে শোক জানিয়েছেন এবং শোকসন্তপ্ত পরিবারের সাথে মিলিত হয়ে সমবেদনা জানিয়েছেন।

যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের পক্ষ হতে মরহমের রুহের মাগফিরাত কামনা ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করা হচ্ছে।

যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ